

## ঈশ্বরের মৃত্যুজনক দূত একজন দুষ্ট রাজাকে তার দাসদের মুক্ত করতে বাধ্য করেছিল

প্রার্থনা : “প্রিয় প্রভু। পাপ, মৃত্যু ও মন্দ আত্মাদের দাসত্ব থেকে লোকদের মুক্ত করার জন্য ছোটদেরকে তোমার উপর ভরসা স্থাপন করতে সাহায্য কর।”



মৃত্যুদূত

একজন বয়স্ক অথবা বড় ছেলে বা মেয়েকে নিম্নে প্রদত্ত বিবৃতিকারকের দ্বারা কৃত তিনটি অংশে বিভক্ত সারসংক্ষেপে দত্ত নয়টি বিষয়ের ব্যবহারের দ্বারা, ইস্রায়েলের দাসত্ব থেকে মুক্তি পাওয়ার ঘটনাটিকে পুণরায় বলতে দিন।

দাসত্ব থেকে মুক্তি পাবার ঘটনার কিছু অংশ নাটক আকারে উপস্থাপন করুন।

- আরাধনাকারী দলের সাথে এই নাটকের সম্পূর্ণ অথবা কিছুটা অংশ ছোটদের জন্য প্রস্তুত করুন।
- আপনার শিক্ষাদানের সময়ে ছোটদের নিয়ে নাটকটি অনুশীলন করুন।
- বড় ছেলেমেয়েরা ছোটদেরকে তৈরী হতে সাহায্য করবে।
- এর সমস্ত অংশকে আপনার ব্যবহার করার দরকার নেই।
- বড় ছেলে বা মেয়েদের অথবা বয়স্ক ব্যক্তিদের ফারাও, ভীত ছেলেমেয়ে, বিবৃতিকার এবং মোশির ভূমিকায় অভিনয় করতে দিন।
- ছোটদেরকে বিভিন্ন ভূমিকায় পাঠ করতে দিন।

### প্রথম ভাগ

বিবৃতিকার : গল্পের প্রথম অংশটি খুবই সংক্ষেপে প্রস্তুত করবে।

- ১) নির্ধূর মিশরীয়রা ঈশ্বরের লোকদের চাবুক মারত এবং দাস হিসাবে কাজ করতে বাধ্য করত।
- ২) ঈশ্বর তাদের যন্ত্রণার রব শ্রবণ করেছিলেন এবং দুষ্ট রাজা ফারাওকে তাদের মুক্তি দিতে বলার জন্যে মোশীকে তার কাছে প্রেরণ করেছিলেন।
- ৩) ফারাও তা প্রত্যাখ্যান করেছিল, সেজন্য ঈশ্বর সেই দেশে মহামারী প্রেরণ করেছিলেন। যাতে রাজা ফারাও বাধ্য হন দাসদের মুক্তি দিতে।

এরপর বলতে, “সবাই শ্রবণ করুন। দুষ্ট রাজার ফারাওর কাছে মোশী কি দাবী করেন।”

মোশি : “ইস্রায়েলের পরাক্রমশালী প্রভু ঈশ্বর তাঁর লোকদেরকে দাসত্ব থেকে মুক্তি দিতে আপনাকে আদেশ করছেন।”

ফারাও : কে তোমার ঈশ্বর যে আমি তার বাধ্য হব? মিশরের অন্যান্য দেবতারা আরও শক্তিশালী।

মোশি : “তার ক্ষমতা যে আপনার মূর্তিগুলির থেকে অনেক বেশী তা প্রমাণ করতে ঈশ্বর মহামারী প্রেরণ করবেন।”

বিবৃতিকার : “প্রথম আঘাত! প্রাচীন মিশরীয়রা নীল নদীকে দেবতা বলে মনে করত। সেজন্য ঈশ্বর তার জলকে রক্তে পরিণত করলেন।”

ফারাও : “আমাদের সমস্ত জলের উৎসগুলি দূষিত হয়ে গেছে। সেজন্য আমার লোকেরা টাটকা জলের জন্যে কুঁয়ো খুঁড়ছে।”

শিল্লীরাঃ ব্যাণ্ডের মত লাফাবে

বিবৃতিকারঃ “দ্বিতীয় আঘাত! ব্যাণ্ড। রাজা ফারাও ও তার লোকেরা কি বলছে তা শ্রবণ করুন।”

ফারাওঃ “সবত্র ব্যাণ্ড, এমনকি আমার শয়ন কক্ষেও এদেরকে দূর কর।”

শিল্লীরাঃ মুখ, গলা ও মুখে থাপ্পড় মারবে। শিশুর বিষয়ে অভিযোগ করবে।

বিবৃতিকারঃ “তৃতীয় সারী; শিশুর দল! লোকেরা শিশুদের সম্পর্কে কি বলছে তা শ্রবণ করুন।”

ফারাও ও শিল্লীরাঃ তোমাদের চারপাশে দংশক উড়ে বেড়াচ্ছে এবং তাদেরকে মারার চেষ্টা করবে এবং এ বিষয়ে অভিযোগ করবে।

বিবৃতিকারঃ “চতুর্থ আঘাত। দংশকের ঝাঁক! দেখুন, এই দংশকদের নিয়ে ফারাও এবং তার লোকেরা কি করছেন।”

শিল্লীরাঃ হাত ও হাঁটুর উপর ভর দিয়ে হাঁটবে ও গরুর মত ডাকবে। তারপর পায়ের উপর ভর দিয়ে শূন্যে গড়াগড়ি দেবে।

বিবৃতিকারঃ “পঞ্চম আঘাত। গৃহপালিত পশুদের মারাত্মক রোগ। দেখুন গরুরা কি করে।”

ফারাও ও শিল্লীরাঃ কেউ নিজ বাছ ও কেউ মুখ চেপে ধরবে। যন্ত্রণায় চিৎকার করে উঠবে।

বিবৃতিকারঃ “ষষ্ঠ আঘাত! স্ফোটক। রাজা ফারাও ও তার লোকেরা স্ফোটক সম্পর্কে কি করে তা দেখুন।”

শিল্লীরাঃ উপরে তাকিয়ে পতিত শিলার আঘাত থেকে মুখ রক্ষা করার অভিনয় করবে। তারপর পড়ে যাবে।

বিবৃতিকারঃ “সপ্তম আঘাত ভারী শিলাবৃষ্টি! যখন শিলা পড়ছে তখন মূর্ত্তি পূজকরা কি করে তা দেখুন।”

শিল্লীরাঃ পঙ্গপালের মত চারিদিকে লাফিয়ে বেড়াবে।

ফারাওঃ “ওদেরকে থামাও মোশি; ওরা আমাদের সমস্ত শস্য খেয়ে ফেলেছে।”

বিবৃতিকারঃ “অষ্টম আঘাত পঙ্গপাল বাহিনী! দেখুন পঙ্গপাল বাহিনীরা কি করে।”

শিল্লীরাঃ অন্ধ ব্যক্তির মত চারিদিকে হেঁটে বেড়াবে। এত অন্ধকার যে কিছুই দেখা যাচ্ছেনা এ বিষয়ে অভিযোগ করবে। সামনে হস্ত চালনার দ্বারা তোমার রাস্তার দিক বুঝতে চেষ্টা করবে। একে অপরকে ধাক্কা মারবে ও পড়ে যাবে।

বিবৃতিকারঃ “নবম আঘাত। মিশরীয়রা সূর্য দেবতাকে পূজা করত, সেজন্য ঈশ্বর অন্ধকার প্রেরণ করেছিলেন। দেখুন লোকেরা কি করে।”

### দ্বিতীয় ভাগ

বিবৃতিকারঃ গল্পের দ্বিতীয় ভাগকে সংক্ষিপ্ত করবে।

- ১) অস্তিম আঘাতে। একজন মৃত্যুজনক দূত দেশের উপর দিয়ে গমন করেছিল এবং সমস্ত গৃহের প্রথম জাত সন্তানকে হত্যা করেছিল।
- ২) বিশ্বাসীরা প্রত্যেকে তাদের দরজার উপরে মেঘের রক্ত লেপনের দ্বারা চিহ্নিত করবে। দূত তা দেখবে এবং সেই গৃহগুলি এড়িয়ে যাবে।
- ৩) তারা তাড়াতাড়িতে একটি মেঘ ভক্ষণ করেছিল। আজ পর্যন্ত যিহুদীরা এই নিস্তার পর্বের ভোজের অনুষ্ঠান পালন করে থাকে।

ভীত ছেলেমেয়েরাঃ ভাব সহকারে উপরে ধীরে কবিতাটি আবৃত্তি করবে অথবা পড়বে।

একটি ভীত বাচ্চার আশা

ছোট বাচ্চা দুঃখ করে, “আমি ঘুমাতে পারিনা।

ভয়ে আমার হৃদকম্প দ্রুত বেড়ে যায়।

কেননা মোশি বলেছেন আজ রাতে এটা ঘটবে।

মৃত্যুর দূত মিশর দেশ দিয়ে উড়ে যাবে।

এবং আমি জ্যোষ্ঠ সন্তান মারা পড়ব।

যদি না মেঘ রক্তের চিহ্ন আমাদের দরজায় থাকে।

রাত কালো, এবং এখন তা আরো কালো হয়ে উঠছে।

বাতাস ঠাণ্ডা এবং তা আরও ঠাণ্ডা হয়ে উঠেছে।

কোন ঘর থেকেই আমি কোনও আওয়াজ শুনতে পাচ্ছি না।

হতে পারে দূত এখনো আসে নি।

ও! আমি একটি যন্ত্রণা কাতর চিৎকার শুনতে পাচ্ছি। বহু দূর থেকে

ঈশ্বরের মৃত্যুজনক দূত রওনা দিয়েছে।

আবার আমি শুনতে পাচ্ছি মৃত্যু হাতছানি, নিকটবর্তী

চারিদিকে ক্রন্দন ধ্বনি, যা ধ্বনিত হচ্ছে মিশরীয় ভাষায় (বিরতি)

আমি জীবিত! আমি জীবিত! মেঘরক্ত আমায় জীবন দান করেছে”।

### তৃতীয় ভাগ

বিবৃতিকারঃ গল্পের তৃতীয় অংশটি সংক্ষিপ্ত করলে।

১) ফারাও লোকদের যেতে দিয়েছিলেন। কিন্তু তিনি মন পরিবর্তন করেছিলেন এবং তার সেনাদেরকে তাদের ধরে আনতে প্রেরণ করেছিলেন।

২) লোহিত সাগরের মধ্য দিয়ে অতিক্রম করার জন্য ঈশ্বর তাঁর লোকদের জন্য রাস্তা প্রস্তুত করেছিলেন।

৩) সৈন্যরা যখন তাদের অনুসরণ করতে সচেষ্ট হয়েছিল তখন, জলরাশী ফিরে এসে তাদের ডুবিয়ে দিয়েছিল।

তারপর বলবেন, “শুনুন, শেষ আঘাতের অর্থাৎ মিসরীয়দের ঘরে প্রথম সন্তানদের মৃত্যুর পর ফারাও কি বলছেন।”


ফারাওঃ “আমার জ্যেষ্ঠ পুত্রের মৃত্যু হয়েছিল। তাই দাসদের আমি যেতে দিয়েছিলাম। কিন্তু এখন আমি আমার মনকে পরিবর্তন করেছি সৈন্যরা ওদের পিছনে তোমরা অশ্ব ও রথ সহযোগে ধাওয়া কর। সমস্ত ইস্রায়েলীয়দের হত্যা কর।”

শিল্লীরাঃ দৌড়াবে এবং ঘোড়ায় যাবার ভান করবে। তারপর চিৎকার করবে এজন্য যে জল আবার সমান হয়ে যাচ্ছে। পড়ে যাও।

মোশিঃ “পবিত্রতমের বন্দনা হোক! তাঁর মহা পরাক্রমের বলে তিনি আমাদের দাসত্ব ও মৃত্যু থেকে রক্ষা করেছে! আমেন!”

বিবৃতিকারঃ নাটকটিতে যারা সাহায্য করেছে তাদের প্রত্যেককে ধন্যবাদ দেবে।

ছোটদেরকে একটি ব্যাঙ আঁকতে দিন। আরাধনা কালীন তাদেরকে তা বড়দের দেখিয়ে বর্ণনা করতে দিন যে, দুষ্ট রাজাকে দাসদের মুক্ত করতে বাধ্য করাবার জন্য ঈশ্বর ব্যাঙের মহামারী প্রেরণ করেছিলেন।



কবিতাঃ যাত্রাপুস্তক ১৫ঃ৩-৬ অংশ থেকে চারজন ছেলেমেয়ের প্রত্যেককে একটি করে পদ আবৃত্তি করতে দিন।

মুখস্থ পদঃ গীত সংহিতা ৯১ঃ১

প্রার্থনাঃ “প্রিয় ঈশ্বর তুমি সর্বশক্তিমান। শয়তান, যে সব থেকে দুষ্ট রাজা, তার হাত থেকে তুমি আমাদের মুক্ত করেছো। যীশুর মহাপরাক্রমশালী নামে; তোমার কাছে ভিক্ষা চাই যে, আমাদের বন্ধুদেরও তুমি মুক্ত কর। আমেন।”